

**উপজেলা “সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি”র
সভার কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ আছাদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা,খুলনা।

সভার তারিখ ও সময়ঃ ০২/০৩/২০১৫ খ্রিঃ, বেলা-৩.০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা,খুলনা
সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট- ক

সভার প্রারম্ভে সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের সকল ক্ষেত্রে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে এ কমিটির কার্যক্রমে সকলকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। অতঃপর সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য সকল সদস্যকে আহবান জানান।

সভায় উপস্থিত সদস্যগণ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ সম্পর্কে আলোকপাত করেন।

২। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---------|--|---|
| ২.১ | জুমআর নামাজের খুব্বায় সন্ত্রাস ও নাশকতার কুফল সম্পর্কে বক্তব্য প্রদানের বিষয়ে ইমামদের পরামর্শ প্রদান করার জন্য ইমাম পরিষদ, তেরখাদা, খুলনাকে অনুরোধ করা হয়। | সভাপতি/সাধারণ সম্পাদক, ইমাম পরিষদ, তেরখাদা, খুলনা |
| ২.২ | বর্তমান প্রেক্ষাপটে কোন নিরীহ ব্যক্তি যাতে হযরানীর শিকার না হন সেদিকে দৃষ্টি রাখার জন্য অফিসার- ইনচার্জ, তেরখাদা থানাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা, খুলনা। ২। অফিসার- ইনচার্জ, তেরখাদা থানা, তেরখাদা, খুলনা। |
| ২.৩ | বর্তমান প্রেক্ষাপটে কোন অপশক্তি যাতে গুরুত্বপূর্ণ স্থাপনা/প্রতিষ্ঠানে নাশকতামূলক কর্মকান্ড পরিচালিত করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা, খুলনা। ২। অফিসার- ইনচার্জ, তেরখাদা থানা, তেরখাদা, খুলনা। |
| ২.৪ | ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির নিয়মিত সভা আহবান এবং কমিটির তৎপরতা অব্যাহত রাখার লক্ষ্যে কমিটির কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার-ইন-চার্জ, তেরখাদা থানা, তেরখাদা, খুলনা। ২। সকল ইউপি চেয়ারম্যান, তেরখাদা, খুলনা। |
| ২.৫ | সন্ত্রাস ও নাশকতাকারীদের ধরিয়ে দেয়ার জন্য স্থানীয় পর্যায়ে জনসাধারণকে সাথে নিয়ে প্রতিরোধ সেল গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার-ইন-চার্জ, তেরখাদা থানা, তেরখাদা, খুলনা। ২। সকল ইউপি চেয়ারম্যান, তেরখাদা, খুলনা। |

পরিশেষে সভাপতি সকলকে উপজেলার সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে আলোচনা করার জন্য ধন্যবাদ জানান। সমাজে যে যে অবস্থানে আছেন সে অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। ইউপি চেয়ারম্যানগণ যদি সক্রিয় থাকেন তাহলে আরও সুন্দর হবে। মাদক দ্রব্যের প্রসার, জঙ্গিবাদ নির্মূল, জুয়া খেলা, সিডি বন্ধ করার জন্য ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে দোষীদের আইনের আওতায় আনা হবে বলে সভাপতি জানান।